**অতীব জরুরী**

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
বাংলাদেশ সচিবালয়,ঢাকা
www.moa.gov.bd

নং:১২.০৩১.০৪০.১০.০০.৭০.২০১৩.১৬

তারিখ: ২১ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ / ০৪ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ।

বিষয়: জানুয়ারি, ২০২৫ মাসের বরাদ্দকৃত নন-ইউরিয়া সার ফেব্রুয়ারি, ২০২৫ মাসের ১৫ (পনের) তারিখ পর্যন্ত উত্তোলন করার অনুমতি প্রদান।

সূত্র : ১২.০৩১.০৪০.১০.০০.৭০.২০১৩-০০২; তারিখ-০৭/০১/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলমান পিক সিজনে যথাসময়ে সার উত্তোলন, বিতরণ ও ব্যবস্থাপনার স্বার্থে গত ০৭ জানুয়ারি ২০২৫ তারিখে বেসরকারি পর্যায়ে ভর্তুকির আওতায় আমদানিকৃত নন-ইউরিয়া সার এর বিষয়ে মাঠ পর্যায়ে কিছু নির্দেশনা জারি করা হয়। তন্মধ্যে ২ নং অনুচ্ছেদের 'জ' উপ-অনুচ্ছেদে নিম্নোক্ত নির্দেশনাটি জারি করা হয়েছিল:

"জেলাভিত্তিক প্রতি মাসে বরাদ্দকৃত সার ঐ মাসের মধ্যেই উত্তোলন নিশ্চিত করতে হবে। এর কোনরূপ অন্যথা করা যাবে না এবং কোন ডিলার তা না করলে তার ডিলারশীপ বাতিলের কার্যক্রম গ্রহণ করতে হবে।"

০২। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে প্রাপ্ত জানুয়ারি, ২০২৫ মাসে দেশের ৬৪ জেলার সার উত্তোলন ও বিতরণ বিষয়ক তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, জানুয়ারি মাসের জন্য বরাদ্দকৃত সার অনেক জেলাতেই সম্পূর্ণ উত্তোলিত হয়নি। উক্ত পরিস্থিতি বিবেচনায় সুষ্ঠু সার ব্যবস্থাপনার স্বার্থে উপর্যুক্ত নির্দেশনাটি সংশোধন করে জানুয়ারি, ২০২৫ মাসের বরাদ্দকৃত নন-ইউরিয়া সার ফেব্রুয়ারি, ২০২৫ মাসের ১৫ (পনের) তারিখ পর্যন্ত উত্তোলন করার অনুমতি প্রদান করা হলো।

০৩। উপর্যুক্ত নির্দেশনাসমূহ প্রতিপালন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

04.02.2025

(আহমেদ ফয়সল ইমাম)
অতিরিক্ত সচিব
ফোন:৫৫১০০৩৫১
ই-মেইল: addlsecinfmm@moa.gov.bd

বিতরণ:

১. চেয়ারম্যান, বিএডিসি, দিলকুশা বা/এ, মতিঝিল, ঢাকা।
২. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩. জেলা প্রশাসক........................................................................(সকল)।
৪. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..................................................(সকল)।
৫. সভাপতি, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন, আল রাজী কমপ্লেক্স, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
৬. ......................................................................, আমদানিকারক, (সকল)।

অনুলিপি:

১. উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।